

## কাযা নামায ও রোযার সাথে কি নফলের নিয়ত করা যাবে?

### প্রশ্ন:

আমি একজন সাধারণ শিক্ষিত। বালেগ হওয়ার পর থেকে অনেক নামায এবং অনেক রোযা ছুটে গেছে। দ্বীনের বুঝ পাওয়ার পর থেকে তা ধীরে ধীরে আদায় করে যাচ্ছি। আমার জানার বিষয় হলো, যদি প্রতি মাসে আইয়ামে বীযের রোযা রাখি এবং একই সঙ্গে কাযা রোযার নিয়ত করি, তাহলে কি উভয়টি আদায় হবে? একইভাবে, সোমবার-বৃহস্পতিবার, আশুরা ও আরাফার দিনের রোযার সঙ্গে কাযা রোযার নিয়ত করলে তা কি সহীহ হবে?

সালাতুত দুহা (ইশরাক বা চাশত) নামাযের সময়ে যদি কাযা নামাযের নিয়ত করি, তাহলে কি কাযা ও দুহা-উভয়টি আদায় হবে?

কাযা নামায আদায়কালে যদি সালাতুশ শৌকর, সালাতুত তাওবা কিংবা সালাতুল হাজতের নিয়ত করি, তাহলে কি একসঙ্গে উভয়টি আদায় হবে?

কিয়ামুল লাইল (তাহাজ্জুদ) পড়ার সময় কি কাযা নামাযের নিয়ত করা যাবে? করলে কি কিয়ামুল লাইল ও কাযা নামায-দুটোই আদায় হবে?

আব্দুল্লাহ ইবরাহীম

**উত্তর:**

কাযা রোযার সঙ্গে নফল রোযার নিয়ত করার সুযোগ নেই। দুটির নিয়ত একসঙ্গে করলে কাযা আদায় হবে, নফল হবে না। নফল আদায় করতে হলে শুধু নফলের নিয়ত করতে হবে। হাঁ সুযোগ থাকলে এক রোযায় একাধিক নফলের নিয়ত করা যাবে। যেমন দশই মুহাররম সোমবার হলো, তখন দুইটার নিয়ত করলে সোমবারের রোযা এবং আশুরার রোযার সাওয়াব পাওয়া যাবে ইনশাআল্লাহ।

তাই আপনি কাযা রোযাগুলো আদায় করার সর্বোচ্চ চেষ্টা করে যান, পাশাপাশি কিছু নফল রোযাও রাখার চেষ্টা করুন। বিশেষ করে আশুরা, আরাফা ইত্যাদির মতো গুরুত্বপূর্ণ নফলগুলো সম্পূর্ণ ছাড়বেন না। নফলও আসলে ফরযের পরিপূরক। তাই নফল একদম বন্ধ রাখা কাম্য নয়। -আল-আশবাহ ওয়ান নাযায়ের: পৃ: ৩৫ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); আল-বাহরুর রায়েক ও

মিনহাতুল খালেক: ১/২৯৬-২৯৭ (দারুল কিতাবিল ইসলামী); রদ্দুল মুহতার: ১/৪৪০ (দারুল ফিকর)  
নামাযের বিষয়টিও একই রকম। কাযার সঙ্গে নফলের নিয়ত করা যায় না। হাঁ, একাধিক নফলের নিয়ত একসঙ্গে করা যায়। তাই আপনি কাযা ফরযগুলো অবশ্যই আলাদা আদায় করবেন, কিন্তু একারণে হাদীসে বর্ণিত বিশেষ ফযীলতসম্পন্ন নফল যেমন তাহাজ্জুদ, চাশত ইত্যাদি একদম ছেড়ে দিবেন না। কাযাগুলোর পাশাপাশি আলাদা করে এগুলোও কিছু কিছু আদায় করার চেষ্টা করে যাবেন। -আল-আশবাহ ওয়ান নাযাইর:  
পৃ: ৩৫ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); আল-বাহরুর রায়েক ও মিনহাতুল খালেক: ১/২৯৬-২৯৭ (দারুল কিতাবিল ইসলামী); রদ্দুল মুহতার: ১/৪৪০ (দারুল ফিকর)

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



২১-০৪-১৪৪৭ হি.

১৪-১০-২০২৫